

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৯৩

পর্ব-৬: যাকাত (الزكاة)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
 «مَا خَالَطَتِ الزَّكَاةُ مَالًا قَطُّ إِلَّا أَهْلَكَتْهُ». رَوَاهُ الشَّافِعِيُّ وَالْبُخَارِيُّ فِي تَارِيخِ
 وَالْحُمَيْدِيُّ وَزَادَ قَالَ: يَكُونُ قَدْ وَجَبَ عَلَيْكَ صَدَقَةٌ فَلَا تُخْرِجْهَا فِيهِلْكُ الْحَرَامُ الْحَلَالُ.
 وَقَدْ احْتَجَ بِهِ مَنْ يَرِي تَعْلُقَ الزَّكَاةِ بِالْعَيْنِ هَكَذَا فِي الْمُنْتَقَى
 وَرَوَى الْبَيْهَقِيُّ فِي شُعْبِ الْإِيمَانِ عَنْ أَحْمَدَ بْنِ حَنْبَلٍ بِإِسْنَادِهِ إِلَى عَائِشَةَ. وَقَالَ أَحْمَدُ
 فِي «خَالَطَتْ»: تَفْسِيرُهُ أَنَّ الرَّجُلَ يَأْخُذُ الزَّكَاةَ وَهُوَ مُوسِرٌ أَوْ غَنِيٌّ وَإِنَّمَا هِيَ لِلْفُقَرَاءِ

বাংলা

১৭৯৩-[২২] আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে ধন-সম্পদের সাথে যাকাত মিশে যাবে নিশ্চয় তা তাকে ধ্বংস করে ছাড়বে। শাফিউদ্দীন, বুখারী, হুমায়দী; হুমায়দী বেশী এমন বর্ণনা করেছেন যে, ইমাম বুখারী বলেছেন, মালের উপর যাকাত ওয়াজিব হবার পর তোমরা যদি তা আদায় না করো তাহলে এ যাকাত সম্পদের সাথে মিশে যায়। তাই হারাম মাল হালাল মালকে ধ্বংস করে দেয়। যেসব সম্মানিত ব্যক্তিগণ এ কথা বলেন যে, যাকাত মূল মালের সাথে সম্পর্কিত। তারা এ হাদীসকে তাদের স্বপক্ষে দলীল মনে করেন। (মুনতাক্রা')[1]

শু'আবুল ঈমানে ইমাম বায়হাকী এ হাদীসটিকে ইমাম আহমাদ ইবনু হাস্তাল হতে 'আয়িশাহ্ (রাঃ) পর্যন্ত ধারাবাহিকভাবে উল্লেখ করেছেন। বস্তুত ইমাম আহমাদ (রহঃ) এ হাদীসের শব্দ "خَالَطَتْ" কোন ব্যক্তির যাকাত গ্রহণের" ব্যাপারে এ ব্যাখ্যা দিয়েছেন যে, কেউ ধনী ও সম্পদশালী হওয়া সত্ত্বেও যদি যাকাত গ্রহণ করে। প্রকৃতপক্ষে যাকাত ফকীর-মিসকীন ও অন্যান্যদের হক।

ফুটনোট

[1] য়েফ : মুসনাদ আশ্ শাফি'ঈ ৬০৭, সুনানুল কুবরা লিল বাযহাকী ৭৬৬৬, শুআবুল ঈমান ৩২৪৬, শারভ্স্ সুন্নাহ্ ১৫৬৩, য়েফ আল জামি' আস্ সগীর ৫০৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নিসাব সমপরিমাণ মাল যার হবে যদি সে যাকাত আদায় না করে, তাহলে এর মাধ্যমে যাকাত তার মূল মালের সাথে মিশ্রিত হবে। এ হাদীসের ব্যাখ্যায় মুনয়িরী বলেন, এ হাদীসের ২টি অর্থ হতে পারে একটি হলো- যে মালের যাকাত বের করা হয় না, উক্ত যাকাত মালকে ধ্বংস করে ফেলে। এ হাদীসটিকে ‘উমারের মারফু’ হাদীসের সহায়ক যেখানে এসেছে যে, জলে-স্ত্রলে মাল নষ্ট হয় যাকাত না দেয়ার কারণে। তবে উক্ত হাদীসটি দুর্বল। ২য় অর্থ যে ব্যক্তি যাকাত গ্রহণ করে অথচ সে ধনী, অতঃপর যখন তা নিজের মালের সাথে রাখে তা মালকে নষ্ট করে ফেলে। ইমাম আহমাদ এরূপ ব্যাখ্যা করেছেন। হাদীসে ধ্বংস করার অর্থ হল, তা বিভিন্ন বিপদাপদের মাধ্যমে কমে যাওয়া বা তা পর্যাপ্ত হলেও তার দ্বারা উপকৃত হওয়ার মাধ্যমে বারাকাত হ্রাস পাওয়া। ফলে তা ধ্বংসপ্রাপ্ত সম্পদের মতই হয়ে পড়ে।

হাদীসের মান: য়েফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56353>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন